**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 01-04 -2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Assembly session :**

টানা তিন দিন বিরতি থাকার পর আজ রাজ্য বিধানসভার চলতি বাজেট অধিবেশন পুনরায় বসবে | আজও অধিবেশনের শেষ দিন| গত ২১শে মার্চ অর্থমন্ত্রীর বাজেট পেশের মধ্যে দিয়ে শুরু হয় অধিবেশন | গত শুক্রবার ২০২৫-২৬ অর্থ বছরের জন্য পেশ করা বাজেট পাস করা হয় |

*********************

**CM- Multi-Storied Office Building :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন সমস্ত সরকারী অফিস এক ছাদের তলায় নিয়ে আসার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে| এই উদ্দেশ্যে আগরতলার গুর্খাবস্তি এলাকায় প্রায় এক একর জমিতে ক্যালিফোর্নিয়া প্রযুক্তি ব্যবহার করে বহুতল ভবন নির্মানের কাজ শুরু হয়েছে| মুখ্যমন্ত্রী গতকাল নির্মান কাজ পরিদর্শন করেন| সেখানে কাজের অগ্রগতি নিয়ে সংশ্লিষ্ট আধিকারিকদের সাথে কথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী সাংবাদিকদের জানান এই বহুতল ভবন নির্মানে ব্যয় হবে ১৩৩ কোটি টাকা। ২০২৬ সালের ডিসেম্বর মাসের মধ্যে এই কাজ শেষ হবে তিনি আশা ব্যক্ত করেন। মুখ্যমন্ত্রী বলেন, অত্যাধুনিক প্রযুক্তিতে নির্মীয়মান এই ভবনে থাকবে ৪টি লিফট, ৪০০ আসন বিশিষ্ট কনফারেন্স হল, পার্কিং এর সু-ব্যবস্থা|

********************

**Idd Ul Fitar.**

রাজ্যেও গতকাল উৎসাহ উদ্দীপনার মধ্যে দিয়ে ইসলাম ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় উৎসব ইদ-উল - ফিতর উদযাপিত হয়। ইদ-উল- ফিতর উৎসবের মধ্যে দিয়ে শেষ হয় এক মাস ব্যাপি রোজা। গতকাল রাজধানী আগরতলা সহ রাজ্যের বিভিন্ন মসজিদ ইদগা প্রাঙ্গনে ইদের নামাজ আদায় করা হয়। নামাজ শেষে সকলে শুভেচ্ছা বিনিময় করেন।

******************

**BIMSTEC P.M. Modi.**

বে অব বেঙ্গল ইনিশিয়েটিভ ফর মাল্টিসেক্টোরাল টেকনিক্যাল অ্যান্ড ইকোনমিক কো-অপারেশন বিমসটেকের সদস্য দেশগুলোর রাষ্ট্র ও সরকার প্রধানদের ষষ্ঠ শীর্ষ সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩ রা এপ্রিল থাইল্যান্ড সফরে যাবেন। আগামী ৪ এপ্রিল থাইল্যান্ডের ব্যাংককে অনুষ্ঠিত হবে বিমস্টেকের শিখর সম্মেলন। এবারের সম্মেলনের মূল প্রতিপাদ্য হচ্ছে সমৃদ্ধ, স্থিতিস্থাপক এবং উন্মুক্ত বিমসটেক।

নিরাপত্তা ও উন্নয়নমূলক চ্যালেঞ্জ মোকাবিলায় সদস্য দেশগুলোর মধ্যে সহযোগিতা জোরদার করাই এ সম্মেলনের লক্ষ্য। এই শীর্ষ সম্মেলন আঞ্চলিক সহযোগিতা গড়ে তোলার ক্ষেত্রে বিমসটেকের গুরুত্বপূর্ণ ভূমিকাকে আরও জোরদার করবে যাতে সদস্য দেশগুলো তাদের অভিন্ন নিরাপত্তা এবং চিরায়ত উন্নয়নের চ্যালেঞ্জ মোকাবেলায় সক্ষম হয়। বঙ্গোপসাগরীয় অঞ্চলের সাতটি দেশ বাংলাদেশ, ভুটান, ভারত, মায়ানমার, নেপাল, শ্রীলঙ্কা ও থাইল্যান্ড নিয়ে গঠিত বিমসটেক |

******************

**Nitin,Gadkari**..

কেন্দ্রীয় সড়ক ও পরিবহণ মন্ত্রী নীতিন গড়করি বলেছেন যে দেশে বায়ু দূষণের ঝুঁকি কমাতে বৈদ্যুতিক যানবাহন সর্বোত্তম বিকল্প। শ্রী গড়করি গতকাল মহারাষ্ট্রের থানেতে শ্রীকান্ত বাপতের ল্যাব ইন্ডিয়ার মাধ্যমে ই-সাইকেলের সূচনা করেন। কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে বায়ু দূষণ দেশে একটি বড় সমস্যা তবে কেন্দ্রীয় সরকার এই সমস্যা দূর করার দায়িত্ব গ্রহণ করেছে।

২০৩০ সালের মধ্যে বৈদ্যুতিক গাড়ি উৎপাদনে ভারত শীর্ষে থাকবে বলে আত্মবিশ্বাস ব্যক্ত করে তিনি বলেন, আগামী দিনে পেট্রোল, ডিজেল ও বৈদ্যুতিক গাড়ির দাম একই থাকবে।

***********************************

**CM-GB:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, এবারের রাজ্য বাজেটেও সরকারের উদ্যোগে ভারত মাতা ক্যান্টিন ও নাইট শেল্টার স্থাপনের সংস্থান রাখা হয়েছে| যাতে চিকিৎসার জন্য দূরদূরান্ত থেকে আগরতলায় আগত রোগীর সহকারীরা স্বল্প খরচে রাত্রিযাপন এবং খাবার খেতে পারেন। গতকাল আগরতলা সরকারী মেডিক্যাল কলেজ এবং জি.বি.পি. হাসপাতালে রোগীর সহকারীদের জন্য দুপুরে ১০ টাকার বিনিময়ে খাবার প্রদান কর্মসূচির সূচনা করে মুখ্যমন্ত্রী একথা বলেন। জি.বি.পি. হাসপাতালে এই কর্মসূচিটি চালু করার জন্য মুখ্যমন্ত্রী রোগী কল্যাণ সমিতি এবং আগরতলা রোটারি ক্লাবকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

********************

**Amit Shah-Hisar visit :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, গত এক দশকে নরেন্দ্র মোদী সরকারের আমলে সারা দেশে স্বাস্থ্য পরিকাঠামোর আমুল পরিবর্তন হয়েছে।

প্রাথমিক থেকে সর্বোচ্চ  স্তর পর্যন্ত স্বাস্থ্য পরিকাঠামোর উন্নতির জন্য সামগ্রিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করে দেশের স্বাস্থ্য খাতের পরিকাঠামোর উন্নয়ন করেছে সরকার |

গতকাল হরিয়ানার হিসারে মহারাজা অগ্র সেন মেডিকেল কলেজ প্রাঙ্গনে মহারাজা অগ্র সেনের মর্মর মূর্তির আবরণ উন্মোচন অনুষ্ঠানে তিনি একথা বলেন। শ্রী শাহ আরও বলেন, দেশে ২০ কোটি মানুষকে আশ্রয় দেওয়ার জন্য চার কোটি ঘর তৈরি করা হয়েছে। সরকার জনস্বাস্থ্য কেন্দ্র এবং কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্র তৈরিতে ৬৪,000 কোটি টাকা ব্যয় করেছে। তিনি বলেন গত এক দশকে কেন্দ্রীয় সরকার ২৫ কোটি মানুষকে দারিদ্রসীমার  উপরে তুলে এনেছে |

**********************************

**BNSS Enforced :**

ঊনকোটি জেলায় ভারত-বাংলাদেশ সীমান্তে কিছু  বিধিনিশেধ আরোপ করা হয়েছে | জনগণের নিরাপত্তা সুনিশ্চিত করতে উনকোটি জেলার জেলাশাসক ডি কে চাকমা ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ২০২৩-এর ১৬৩ ধারায় গতকাল থেকে আগামী ৩০ শে  জুন পর্যন্ত জন নিরপত্তায়  কিছু বিধিনিষেধ জারি করেছেন | নিষেধাজ্ঞায় অনুযায়ী  ঊনকোটি জেলার অন্তর্গত ভারত-বাংলাদেশ সীমান্তের ৩ কিমি এলাকায় সন্ধ্যা ৬টা থেকে পরের দিন সকাল ৬টা পর্যন্ত কেউ চলাফেরা করতে পারবে না। ওই সব  এলাকায় পাঁচ জনের অধিক লোক জড়ো হতে পারবে না। এলাকায় কেউ লাঠি, তীর, ধনুক, ধারালো বাঁশ, সাইকেলের চেইন, গুলতি, লোহার রড, ছুরি, আগ্নেয়াস্ত্র, বিস্ফোরক পদার্থ ইত্যাদি বহন করতে পারবে না।

তবে পুলিশ, বিএসএফ, টিএসআর, আসাম রাইফেলস ও অন্যান্য কর্মরত আইন বলবৎকারী কর্মীদের ক্ষেত্রে এই বিধিনিষেধ প্রযোজ্য হবে না। জেলা প্রশাসন,

পুলিশ, বিএসএফ ও অন্যান্য আইন বলবৎকারী কর্তৃপক্ষের অনুমোদনপত্র ধারীদের ক্ষেত্রেও এই বিধিনিষেধ বলবৎ হবে না।

*********************

**Weather. .**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ অংশত মেঘলা থাকবে। রাজ্যের কোথাও কোথাও গরমের তীব্রতা বাড়তে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস। যা ছিল স্বাভাবিকের চাইতে ৩.৭ ডিগ্রি বেশি। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি। আজ সকালে উত্তর ত্রিপুরা জেলার কোথাও কোথাও ঝড়ো হাওয়া ও বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টি হয়েছে।

********************